

## বিএডিসিতে বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপিত

প্রতিবারের ন্যায় এবারও যথাযোগ্য মর্যাদায় বিএডিসিতে পালিত হলো বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪। জাতীয় কর্মসূচি ও কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে দিবসটি উপলক্ষ্যে নানা ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়। কৃষি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে কর্মসূচি শুরু হয়। পরবর্তীতে সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারী ও বিভিন্ন পেশাজীবী সংগঠনের বিভিন্ন প্রতিনিধি নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মুরালে পুষ্পস্তবক অর্পণপূর্বক শ্রদ্ধাজ্ঞাপন করেন।

পরবর্তীতে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে স্থাপিত বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ দোয়া মাহফিল ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে বিএডিসি'র মাঠ পর্যায়ের সকল কার্য নিয়েও নানা ধরনের কর্মসূচি গ্রহণ করা হয়।

